MAR. 0 3 [illegible]

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ২০ কলাম ৭

# চট্টগ্রামে স্কুল শিক্ষকদের ওরিয়েন্টেশন কোর্স

চট্টগ্রাম অফিস ।। চট্টগ্রাম জেলা শিক্ষা অফিসের ব্যবস্থাপনায় এবং ইউনিসেফের সহযোগিতায় জেলার আওতাধীন চৌদ্দটি উপজেলার কো-এডুকেশন উচ্চ বিদ্যালয়সমূহের প্রধান শিক্ষকদের জন্য "ও, আরটি এবং ইপিআই" বিষয়ের উপর সাতটি ব্যাচের ওরিয়েন্টেশন কোর্স গত ২৭শে ফেব্রুয়ারী নাসিরাবাদ সরকারী (বালক) উচ্চ বিদ্যালয় মিলনায়তনে শুরু হইয়াছে।

সাতদিনব্যাপী কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে চট্টগ্রাম জেলা শিক্ষা অফিসার মিসেস হোসনে আরা বেগম স্বাগত বক্তব্য রাখেন। কর্মসূচী লক্ষ্য, টার্গেট ও বর্তমান অবস্থার উপর আলোকপাত করেন ইউনিসেফ চট্টগ্রাম জেলার প্রজেক্ট কো-অর্ডিনেটর মিসেস মাধুরী ব্যানার্জী। কোর্স পরিচালনা করেন চট্টগ্রাম সিভিল সার্জন অফিসের রোগ নিরীক্ষণ ও পরীক্ষণ কর্মকর্তা ডাঃ শেখ মুজিবুর রহমান ও ডাঃ আবদুল মোমেন। প্রথম দিনে ৪৪ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।